**TDC (CBCS) Odd Semester Exam., 2023**

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGDSC/GE-301T

( বাংলা ভাষাতত্ত্ব )

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

ELEARNING INFO
www.elearninginfo.in

## SECTION—A

প্রতিটি ইউনিট থেকে চারটি প্রশ্ন নিয়ে কুড়িটি প্রশ্নের উত্তর দাও : ১×২০=২০

### UNIT—I

১। কোন্ ভাষাবংশ থেকে ভারতীয় আর্যভাষার সৃষ্টি হয়েছে?

২। মধ্যভারতীয় আর্যভাষার কালগত সীমার উল্লেখ করো।

৩। অশোক অনুশাসনের ভাষার কয়টি আঞ্চলিক রূপ ছিল?

৪। আধুনিক ভারতীয় আর্যভাষার অন্তর্গত দুটি ভাষার নাম উল্লেখ করো।

৫। কাহ্নপাদ কোন্ সময়ের কবি ছিলেন?

UNIT—II

৬। আদি-মধ্যযুগের বাংলা ভাষার সাহিত্যিক নিদর্শন কোনটি?

৭। আধুনিক বাংলা স্তরের একটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

৮। পর্ব্বত > পাবত—এই পরিবর্তনটি বাংলা ভাষার কোন্ স্তরে লক্ষ্য করা যায়?

৯। অন্ত্য-মধ্যস্তরের বাংলা ভাষায় রচিত যে কোনো একটি গ্রন্থের নাম লেখো।

১০। মুকুন্দরাম চক্রবর্তী কোন্ শতকের কবি?

UNIT—III

১১। বাংলা ভাষার কয়টি উপভাষা রয়েছে?

১২। বরাক উপত্যকায় প্রচলিত ভাষাটি কোন্ উপভাষার অন্তর্গত?





১৩। পাত্র > বর—এটি শব্দার্থ পরিবর্তনের কোন্ ধারা?

১৪। শব্দার্থ পরিবর্তনের একটি কারণ লেখো।

১৫। অর্থসংকোচের একটি উদাহরণ দাও।

UNIT—IV

১৬। ঐতিহ্যগত ব্যাকরণে বাক্যকে প্রথমে কয়টি অংশে ভাগ করা হয়?

১৭। ধ্বনি পরিবর্তনের একটি কারণ উল্লেখ করো।

১৮। সমাক্ষর লোপের একটি উদাহরণ দাও।

১৯। বাক্যের বিধেয় বলতে কী বোঝায়?

২০। অপিনিহিতির একটি দৃষ্টান্ত দাও।



ELEARNING INFO
www.elearninginfo.in

## UNIT—V

২১। 'ভিখারীকে ভিক্ষা দাও'—এখানে সম্প্রদান কারকে কোন্ বিভক্তির প্রয়োগ হয়েছে?

২২। কর্মকারকে 'কে' বিভক্তির একটি উদাহরণ দাও।

২৩। দ্বিগু সমাসের একটি উদাহরণ দাও।

২৪। 'জবাফুল'—এই সমস্তপদের ব্যাসবাক্যটি লেখো।

২৫। বিভক্তি কয় প্রকার?

## SECTION—B

প্রতিটি ইউনিট থেকে একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

## UNIT—I

২৬। মধ্যভারতীয় আর্যভাষার দুটি লক্ষণ লেখো।

২৭। যে কোনো দুটি সাহিত্যিক প্রাকৃত ভাষার নাম লেখো।





## UNIT—II

২৮। বাংলা ভাষার স্তর কয়টি? স্তরগুলোর নাম লেখো।

২৯। 'চর্যাপদ'এর ভাষাকে সন্ধ্যাভাষা বলার দুটি কারণ উল্লেখ করো।

## UNIT—III

৩০। কোন্ উপভাষায় নাম ধাতুর বহুল ব্যবহার দেখা যায়? একটি উদাহরণ দাও।

৩১। করিয়া> কইর‍্যা> করে—অভিশ্রুতি ঘটিত এই পরিবর্তনটি কোন্ উপভাষার অন্যতম বৈশিষ্ট্য?

## UNIT—IV

৩২। আদর্শ বাক্য গঠনের প্রধান শর্ত কয়টি ও কী কী?

৩৩। সুভাষণ রীতির সংজ্ঞাসহ একটি উদাহরণ দাও।

## UNIT—V

৩৪। অধিকরণ কারক কাকে বলে, উদাহরণসহ লেখো।

৩৫। ব্যাসবাক্যসহ সমাস লেখো : বিশ্ববিখ্যাত।



ELEARNING INFO
www.elearninginfo.in

## SECTION—C

প্রতিটি ইউনিট থেকে একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

### UNIT—I

৩৬। প্রাচীন ভারতীয় আর্যভাষার লক্ষণ ও বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

৩৭। মাগধী-প্রাকৃত ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলো আলোচনা করো।

### UNIT—II

৩৮। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ভাষা নিয়ে সংক্ষেপে আলোচনা করো।

৩৯। আধুনিক বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দাও।

### UNIT—III

৪০। কামরূপী উপভাষার সাধারণ বৈশিষ্ট্যগুলো উল্লেখ করো।

৪১। অর্থ পরিবর্তনের ভৌগোলিক, ঐতিহাসিক কারণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।





### UNIT—IV

৪২। ধ্বনির আগম—ধ্বনি পরিবর্তনের এই ধারাটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৪৩। বাক্যতত্ত্ব সম্পর্কে যা জান, সংক্ষেপে লেখো।

### UNIT—V

৪৪। কারক কত প্রকার এবং কী কী? প্রত্যেকটি কারকের একটি করে উদাহরণ দাও।

৪৫। কর্মধারয় সমাসের যে কোনো চারটি প্রকারভেদ আলোচনা করো।

★★★

ELEARNING INFO
www.elearninginfo.in